NOV. 19 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৬

# ১৫ ডিসেম্বরের মধ্যে পাঠ্যবই সরবরাহ ॥ পাতায় পাতায় 'বঙ্গবন্ধু' থাকছে না

—শিক্ষা প্রতিমন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষা মন্ত্রণালয় আগামী ১৫ই ডিসেম্বরের মধ্যে ২০০২ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক মুদ্রণ কাজ সম্পন্ন ও

(১ম পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## ১৫ ডিসেম্বরের মধ্যে

(প্রথম পৃষ্ঠার পর)

সরবরাহ শুরু করার কথা জানিয়েছে। নতুন পাঠ্য বইয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে লেখা অধ্যায়গুলোতে পরিবর্তন আসছে। তবে লেখা থাকছে। আর জীবনী থাকছে জিয়াউর রহমান, মাওলানা আবদুল হামিদ খান ভাসানী, হোসেন শহীদ সোহরাওয়ার্দী ও শেরে বাংলা একেএম ফজলুল হকের। শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহসানুল হক মিলন গতকাল কয়েকজন সাংবাদিককে বলেন, শেখ মুজিবুর রহমান সম্পর্কে সামঞ্জস্যহীন যে শব্দাবলী পাঠ্যপুস্তকে আছে তা পরিবর্তন করা হচ্ছে। প্রতি পাতায় পাতায় বঙ্গবন্ধু এখন আর থাকছে না।

পাঠ্যপুস্তক সম্পর্কে প্রতিমন্ত্রী বলেন, প্রতিদিনই পাঠ্যপুস্তক মুদ্রণের অগ্রগতি পর্যালোচনা এবং প্রেসগুলো পরিদর্শন করা হচ্ছে। প্রতিমন্ত্রী ইতিমধ্যে বেশ কয়েকটি প্রেস নিজে পরিদর্শন করেছেন বলে জানিয়েছেন। প্রতিটি প্রেসে প্রতিদিন মুদ্রণ কাজের কতটা অগ্রগতি হচ্ছে তাও পর্যবেক্ষণ করা হচ্ছে বলে তিনি জানান।

গত বছরের পুরনো বই যাতে বাজারে বিক্রি হতে না পারে তার জন্য এবারের পাঠ্যপুস্তকের নতুন প্রচ্ছদ, বইয়ের ভেতরে আলাদা কাগজ থাকছে। এ বছরে সাদা কাগজে বই ছাপা হবে। তবে দাম কমছে শতকরা ৩ ভাগ। প্রতিমন্ত্রী বলেন, যে সব প্রেস ভালো কাজ করবে তাদের জন্য গ্রেডিং ব্যবস্থা করা হচ্ছে।

এ বছর প্রাইমারী স্কুলের জন্য ৪ কোটি ৭৩ লাখ এবং উচ্চ মাধ্যমিক শ্রেণীর জন্য ১ কোটি ৭৩ লাখ পাঠ্যপুস্তক ছাপা হচ্ছে।